



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700019  
2nd Term: Answer Work Sheet - 19



Class: 4

Subject: Bengali Gram (গল্প লিখন)

Date: 13/11/2020

নিম্নলিখিত সংকেত অবলম্বনে একটি গল্প লেখ -----

সংকেত : এক কৃষকের হাঁস রোজ সোনার ডিম পাড়ত ----- তাতে কৃষকের মন  
ভরত না ----- একসঙ্গে অনেক ডিম পাবার জন্য হাঁসটিকে কেটে ফেলল -----  
কিন্তু কৃষকের আশা ব্যর্থ হল ।

## লোভী কৃষক

এক গ্রামে এক কৃষক বাস করত । তার অনেকখানি চাষের জমি ছিল । সে সেখানে অনেক রকম ফসল চাষ করত । কৃষকটির অনেক হাঁসমুরগী ছিল । সেই হাঁসমুরগীর ডিম সে শহরে গিয়ে বেচে আসত । একদিন সে হাঁসমুরগীর ডিম তুলতে গিয়ে অবাক হয়ে গেল । সে দেখল অনেকগুলো ডিমের মধ্যে একটা সোনার ডিম । সে ভাবলো এই সোনার ডিমটা কোথাথেকে এল ? সে মনে মনে খুশি হয়ে সেই ডিমটা যত্ন করে রেখে দিল । পরের দিন সে হাঁসমুরগীর ডিম তুলতে গিয়ে সে আবার দেখল সেখানে একটি সোনার ডিম । সে অনেক ভেবে চিন্তে এবার বুঝতে পারল , তার হাঁসমুরগীর মধ্যে একটা হাঁস সোনার ডিম পাড়ে । কৃষকটি রোজ শহরে গিয়ে সোনার ডিমটা বেচে অনেক পয়সা পায় । একদিন সে ভাবলো তার ওই হাঁসটার পেটে নিশ্চয়ই অনেক সোনার ডিম আছে । সে তাই হাঁসটার পেট কেটে ফেলল । কিন্তু বোকা কৃষক হাঁসটার পেটে কোনো ডিমই দেখতে পেল না । কৃষকটির অতি লোভের ফল সে পেল ।

Manashi Chaudhuri

